

# রাস্তায় ময়লা দেখলে সেলফি তুলে নিন : আনিসুল হক

প্রকাশিত: ১১:৪৯ এএম, ২৫ জানুয়ারি ২০১৬



রাজধানীর সড়কে ময়লার স্তূপ দেখলে এখন সেলফি তুলে নিন। কারণ এটা ইতিহাস হয়ে যাবে। সড়কে এই ময়লা আর থাকবে না বলে মন্তব্য করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। সোমবার রাজধানীর সোনারগাঁও হোটেলে ইলেকট্রনিক মিডিয়ার ঊর্ধ্বতন কর্মকর্তাদের কাছে ডিএনসিসি ৮ মাসের উন্নয়ন তুলে ধরার সময় তিনি একথা বলেন।

আনিসুল হক বলেন, রাজধানীতে ৫ হাজার ডাস্টবিন বসানোর প্রোগ্রাম নেয়া হয়েছে। ২ থেকে ৩ মাসের মধ্যে ২ হাজার ডাস্টবিন বসানো হবে। বাকিগুলো বসাতে ৬ মাস সময় লাগবে। এবার এমন ডাস্টবিন লাগানো হবে যাতে কড়াত দিয়ে কেটেও কেউ চুরি করতে না পারে।

মেয়র বলেন, ঢাকায় ১০০টি পাবলিক টয়লেট স্থাপন করা হবে। ইতোমধ্যে ১০টি টয়লেট তৈরি করা হয়েছে। টয়লেট বানানোর পাশাপাশি আমরা মেইন্টেনেন্সের বিষয়ে নজর দিচ্ছি।

গত কয়েকমাসে রাজধানীর ছোটবড় ২০ হাজার বিলবোর্ড তুলে ফেলা হয়েছে উল্লেখ করে ডিএনসিসি মেয়র বলেন, 'ঢাকা প্রায় বিলবোর্ডমুক্ত। এখন হাতেগোনা ২০ থেকে ৫০টা বিলবোর্ড রয়েছে যেগুলো নানা কারণে উচ্ছেদ করা যাচ্ছে না। আমরা স্ব স্ব প্রতিষ্ঠানকে বলেছি সেগুলো নিজ দায়িত্বে সরিয়ে ফেলতে। যারা বারবার বলার পরও বিলবোর্ড খুলেননি তাদের বিরুদ্ধে মামলা দেয়া হচ্ছে। ম্যাজিস্ট্রেট প্রয়োজনে জেল দিতে পারেন।'